# www.priofaridpur.com




**কানাই লাল শীল**

**১৮৯৫ সালে**

**ফরিদপুর জেলার নগরকান্দা থানার ডাংগী ইউনিয়নের কাজী করিয়াল গ্রাম**

বিখ্যাত দোতারা বাদক, গীতিকার ও সুরকার কানাইলাল শীলের জন্ম ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলায়। তিনি উপমহাদেশের বিখ্যাত দোতারা বাদক হিসাবে খ্যাতি অর্জন করেন। প্রখ্যাত বেহালা বাদক বসন্ত কুমার শীলের কাছ থেকে বেহালা বাজোনোর হাতে খড়ি নেন। বসন্ত শীলের গুরু মতিলালের কাছেও বেহালা বাদনের শিক্ষা নেন। গ্রাম বাংলার কবিগান, যাত্রাদলের গান, গাজীর গানে ও বিভিন্ন কীর্তনে যথেষ্ট সুনাম অর্জন করেন। দরবেশ দাগু শাহের মাজারে এক দোতারা বাদন অনুষ্ঠানে দোতারার বাদন শুনে আকৃষ্ট হয়ে প্রখ্যাত দোতরা বাদক তরবণ সরকারের শিষ্যত্ব গ্রহণ করেন। শিক্ষা শেষে কৃষ্ণলীলা দলে যোগ দেন। অম্বিকাপুরে পল্লী কবি জসীম উদদীনের সাথে পরিচয় হয়। জসীম উদদীন তাকে কোলকাতায় নিয়ে আব্বাস উদ্দীনের সাথে পরিচয় করিয়ে দেন। আব্বাস উদ্দিন কানাই লাল শীলকে গ্রামোফোন কোম্পানীতে চাকুরী দিয়ে দেন। এ সময় কোলকাতায় কাজী নজরুল ইসলামের সাথে তার পরিচয় ঘটে। তিনি নজরুলের গানের আসরে দোতারা বাজাতেন। পরে অলিইন্ডিয়া রেডিওতে যোগদান করেন। ১৯৪৯ সালে রেডিও পাকিস্থান ঢাকা কেন্দ্রে নিয়মিত শিল্পী হিসাবে যোগদান করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি ঢাকা বেতারের সঙ্গে যুক্ত ছিলেন